

নম্বর- ৫৭.০০.০০০০.০৫৪.১৩.০০৫.২২-৫৫

তারিখঃ ১৩ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ  
২৭ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ

প্রাপক: ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার  
রাজবাড়ী।

বিষয়: আনুতোষিক ও পেনশন মঞ্জুরি।

সূত্র: কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০২৪.৪৩.০০১.১৮.১০৪, তারিখ: ২৯.০১.২০২২খ্রি।

মহোদয়,

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন রাজবাড়ী টেকনিক্যাল স্কুল ও কলেজ, রাজবাড়ী এর প্রাক্তন অধ্যক্ষ জনাব মোঃ মনিরুল ইসলাম চৌধুরী-এর অনুকূলে প্রচলিত বিধি অনুযায়ী আনুতোষিক বাবদ প্রাপ্য ৫৩,৯০,৬৭৩/৭৫ (তিনিগ্ন লক্ষ নব্বই হাজার ছয়শত তিয়াত্তর টাকা পঁচাত্তর পয়সা) টাকা ও মাসিক অবসর ভাতা বাবদ ২২,০০২/৭৫ (বাইশ হাজার দুই টাকা পঁচাত্তর পয়সা) টাকা এবং অন্যান্য ভাতা মঞ্জুর করতে সরকার সম্মত হয়েছে।


০২. তিনি উক্ত অর্থ সোনালী ব্যাংক লি.; লালমাটিয়া শাখা (২০০২৬২৮৩৫), লালমাটিয়া শাখা, ঢাকা-১২০৭ হতে উত্তোলন করবেন। এ ব্যয় সরকারের রাজস্ব বাজেটের সংশ্লিষ্ট খাত হতে মিটানো হবে। কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে প্রেরিত তথ্য অনুযায়ী তার নিকট কোন সরকারি পাওনা নেই। তবে ভবিষ্যতে কোন সরকারি অর্থ পাওনা আছে মর্মে পরিলক্ষিত হলে তা তিনি বিধি মোতাবেক পরিশোধ করতে বাধ্য থাকবেন।

০৩. অবসরপ্রাপ্ত অধ্যক্ষ, জনাব মোঃ মনিরুল ইসলাম চৌধুরী-এর চাকরি ও পেনশন সংক্রান্ত যাবতীয় কাগজপত্রাদি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতৎসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি:

- ১। পেনশন ফরম
- ২। অন্যান্য কাগজপত্র।

আপনার বিশ্বস্ত,

  
(ভৌহিদুজ্জামান পাভেল)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ০২-৯৫৪৫৪৪৫

ই-মেইল: [sastech4@tmed.gov.bd](mailto:sastech4@tmed.gov.bd)


নম্বর- ৫৭.০০.০০০০.০৫৪.১৩.০০৫.২২-৫৫(১)/৯

তারিখঃ ১৩ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ  
২৭ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরে-বাংলা নগর, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
৫. ম্যানেজার, সোনালী ব্যাংক লি., লালমাটিয়া শাখা, লালমাটিয়া, ঢাকা।
৬. জনাব মোঃ মনিরুল ইসলাম চৌধুরী, প্রাক্তন অধ্যক্ষ, রাজবাড়ী টেকনিক্যাল স্কুল ও কলেজ, রাজবাড়ী।
৭. অধ্যক্ষ, রাজবাড়ী টেকনিক্যাল স্কুল ও কলেজ, রাজবাড়ী।
৮. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. অফিস কপি।

  
(তৌহিদুজ্জামান পাউল)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ০২-৯৫৪৫৪৪৫